**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-১**
**www.lawjusticediv.gov.bd**

**নং ১০.০০.০০০০.১২৫.০২৫.০০১.৯৯ (১).১৩-১৮৫** **তারিখঃ ১১/০৪/২০১৬ খ্রিঃ**

**বিষয়ঃ বাংলাদেশের বিজ্ঞ অ্যাটর্নি জেনারেল জনাব মাহবুবে আলম এর ব্যক্তিগত ভ্রমণে যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক গমনের অনুমতি প্রসঙ্গে।**

সূত্রঃ স্মারক নং ২২৫ (আই)/২০১৬-এজি, তারিখ: ০৩/০৪/২০১৬ খ্রিঃ, অ্যাটর্নি জেনারেল এর দপ্তর।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সরকার বাংলাদেশের বিজ্ঞ অ্যাটর্নি জেনারেল জনাব মাহবুবে আলম-কে পারিবারিক বন্ধু-বান্ধবের সাথে সাক্ষাতের উদ্দেশ্যে আগামী ১৪/০৪/২০১৬ খ্রিঃ হতে ৩০/০৪/২০১৬ খ্রিঃ পর্যন্ত অথবা যাত্রার তারিখ হতে ১৭ (সতের) দিনের জন্য ব্যক্তিগত ভ্রমণে যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক গমন ও তথায় অবস্থানের অনুমতি প্রদান করেছে।

২। উক্ত যুক্তরাষ্ট্র ভ্রমণের যাবতীয় ব্যয়ভার বাংলাদেশের বিজ্ঞ অ্যাটর্নি জেনারেল ব্যক্তিগতভাবে বহন করবেন। এতে বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ নেই।

৩। বিজ্ঞ অ্যাটর্নি জেনারেল জনাব মাহবুবে আলম আগামী ১২/০৪/২০১৬ খ্রিঃ বা নিকটবর্তী সময়ে নিউইয়র্কের উদ্দেশ্যে যাত্রা করবেন এবং আগামী ০২/০৫/২০১৬ খ্রিঃ বা নিকটবর্তী সময়ে দেশে প্রত্যাবর্তন করবেন।

৪। বিজ্ঞ অ্যাটর্নি জেনারেল এর অনুপস্থিতকালীন সময়ে বিজ্ঞ অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল জনাব মুরাদ রেজা নিজ দায়িত্বের অতিরিক্ত হিসাবে অ্যাটর্নি জেনারেল এর দায়িত্ব পালন করবেন।

৫। বিজ্ঞ অ্যাটর্নি জেনারেল এর বিদেশ ভ্রমন শেষে কর্মস্থলে যোগদানের বিষয়ে অত্র বিভাগকে অবহিত করার অনুরোধ করা হলো।

স্বাঃ-
(মোঃ শাহাবুদ্দিন)
সিনিয়র সহকারী সচিব
ফোন- ৯৫৪৫৪৩১।

অ্যাটর্নি জেনারেল এর একান্ত সচিব
অ্যাটর্নি জেনারেল এর কার্যালয়, সুপ্রীম কোর্ট প্রাঙ্গণ, ঢাকা।

নং ১০.০০.০০০০.১২৫.০২৫.০০১.৯৯ (১).১৩-১৮৫ তারিখঃ ১১/০৪/২০১৬ খ্রিঃ

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-**

১। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয় (নোট ভারবালের অনুরোধসহ)।
২। সলিসিটর, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।
৩। জনাব মুরাদ রেজা, অতিরিক্ত অ্যাটর্নি জেনারেল, অ্যাটর্নি জেনারেল কার্যালয়, সুপ্রীম কোর্ট প্রাঙ্গণ, ঢাকা।
৪। পরিচালক, হযরত শাহজালাল (রহঃ) আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
৫। ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল (রহঃ) আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
৮। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সিজিএ ভবন, কক্ষ নং-৫০৩, ৫ম তলা, সেগুন বাগিচা, ঢাকা।
৯। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০। গার্ড কপি।
১১। অফিস কপি।

১১/০৪/১৬
(মোঃ শাহাবুদ্দিন)
সিনিয়র সহকারী সচিব